

পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ২. ১৮. অজ্ঞাতনামা ভাববাদীর মিথ্যাচার ও নরহত্যা

সবচেয়ে অবাক বিষয় কোনো কারণ ছাড়াই একান্তই হিংসার ভিত্তিতে একজন ভাববাদী আরেকজন ভাববাদীকে ঈশ্বরের ভাববাণীর নামে মিথ্যা বলে হত্যা করছেন (বিস্তারিত দেখুন: ১ রাজাবলী ১৩/১১-২৯)। আমরা ইতোপূর্বে কাহিনীটা উল্লেখ করেছি। এ ঘটনায় একজন ভাববাদী মিথ্যা বলছেন, ঈশ্বরের ভাববাণীর নামে মিথ্যা বলছেন এবং এরূপ প্রতারণার মাধ্যমে একজন নিরপরাধ ভাববাদীকে হত্যা করছেন! মজার বিষয় হল, এতগুলো অপরাধের জন্য ঈশ্বর তাকে কোনো শাস্তি দিচ্ছেন না; কিন্তু প্রতারণিত ভাববাদীকে ধ্বংস করছেন!

Source — <https://www.hadithbd.com/books/link/?id=14348>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন